

একটা বড় শহর কি ভাবে প্রসারিত হয়

টরন্টো শহরের ভিতরের পরিকল্পনা

শহর এমন স্থান যেখানে লোকেরা থাকতে পারে, শিখতে পারে, বেড়াতে ও খেলতে পারে। ইঁা ওখানে অনেক প্রকারের সেবা সংস্থানের প্রয়োজন : উদাহরণ হিসাবে কয়েকটি নাম মেমন স্কুল, পার্ক, স্বাস্থ্য কেন্দ্র, দোকান, রেস্টুরেন্ট এবং যাতায়াতের ব্যবস্থা। যে সমস্ত শহর গতিশীল ও আকর্ষণীয় সেই সব শহরেই লোকেরা থাকতে, বেড়াতে এবং ব্যবসা করতে চায়।

টরন্টো শহর পরিকল্পনার ডিভিসন, শহরটি কি রকম দেখতে লাগবে ও কি ভাবে প্রসারিত করা যেতে পারে সে বিষয় সাহায্য করে। কম্যুনিটি ও শহরের অন্যান্য ডিভিসনের সঙ্গে আলোচনা করে শহর পরিকল্পনার কমিসন শহরকে প্রসারিত করার জন্য লক্ষ্য নির্ধারণ করে বা নীতির প্রচলন করে এবং সঙ্গে সঙ্গেই গুরুত্বপূর্ণ সামাজিক বিষয়ের, আর্থিক অবস্থার এবং পারিপার্শ্বিক অবস্থার কথাও মনে রাখে।

ভাল পরিকল্পনা সুনিয়ন্ত্রিত ভাবে বৃদ্ধির জন্য এবং আমাদেরকে আমাদের পছন্দমত কম্যুনিটি পেতে সাহায্য করে।

পরিকল্পকারকের কাজ কি ?

পরিকল্পনার কর্মচারীরা জনতাদের মতামত একত্রিত করে আর সেই বিষয়গুলি নিয়ে অধ্যয়ন ও পুণঃনিরীক্ষণ করে যাতে করে পরিকল্পনার নীতি ও কার্যাবলী উন্নতির পথে অগ্রসর হয় আর যাতে আমাদের শহরের পারিপার্শ্বিক আবহাওয়া সুরক্ষিত ও উন্নত হয়। এই সব লোকেরা সিটি কাউনসিলকে সমর্থন করে, উপদেশ দেয় এবং ভাল করার জন্য নানারকম পরামর্শ দিয়ে সাহায্য করে থাকে। পরিকল্পকারকরা কম্যুনিটি ও শহরের বিস্তৃত জনসম্মুদয়ের সঙ্গে এক হয়ে কাজ করে যাতে উন্নত শহর গড়ে তোলার উদ্দেশ্য সম্পূর্ণ হয়।

টরন্টো শহর পরিকল্পনার ডিভিসন ডিস্ট্রিক্ট দিয়ে বানানো হয়েছে মেমন ইটোবিকো ইয়র্ক, নর্থ ইয়র্ক, টরন্টো ও ইস্ট ইয়র্ক এবং স্কারবারো। এর কার্য প্রণালীকে চারিটি বিভাগে ভাগ করা হয়েছে :

- ১। কম্যুনিটি পরিকল্পনা : জনতা এবং সিটি সার্ভিসের মতামত নেবার পর এবং শহরকে প্রসারিত করার ব্যাপারে যোজনার সব গুলি অংশের অধ্যয়ন ও পুণঃনিরীক্ষণ করার পর কাউনসিলকে উপদেশ দেয়।
- ২। পলিসি ও রিসার্চ : জমির প্রয়োজনীয় ব্যবহার, বাড়ী নির্মাণ, কম্যুনিটি সেবা এবং পারিপার্শ্বিক আবহাওয়ার উপর প্রচুর গবেষণার পর পরিকল্পনার নীতি তৈরী করে। হেরিটেজকে বাঁচিয়ে রাখার চেষ্টা করে এবং কার্যাবলীকে উৎসাহিত ও চালু রাখার জন্য সাহায্য করে।
- ৩। শহরের নকশা : আমাদের রাস্তার পার্ক এবং খোলা জায়গার জন্য উচ্চস্তরের নকশার ব্যাপারে উৎসাহিত করে। জমি অনুসারে বিল্ডিং এর অবস্থিতির কথা চিন্তা করে, ব্যবস্থা করে এবং আকার ব্যাপারে নকশা করার পথ দেখিয়ে দেয়।
- ৪। যানবাহনের ব্যবস্থা : মোটর গাড়ীর উপর নির্ভরতা কমিয়ে অন্য প্রকারের যাতায়াতের ব্যবস্থাকে প্রোৎসাহিত করে মেমন হেঁটে চলা, সাইকেল নিয়ে যাওয়া, সাবওয়ে নেওয়া এবং স্ট্রীটকার নেবার সুবিধার কথা ইত্যাদি নানা বিষয় চিন্তা করে।

অন্টারিওর পরিকল্পনা

টরন্টো শহর পরিকল্পনার কর্মচারীরা অনেক নিয়ম, কানুন এবং বাইলস এর জোনিং এবং অন্যান্য নীতি অনুযায়ী কাজ করে :

পরিকল্পনার একট

- পুরো অন্টারিওর পরিকল্পনা পরিচালনা করে
- নগর পালিকার থেকে সরকারী পরিকল্পনার দাবী করে
- জমি প্রসারিত করার ব্যাপারে জনতার পরামর্শের বিষয় অধ্যয়ন করে ও তাদের ন্যূনতম আবশ্যিককেও স্বীকার করে নিয়ে তবেই প্ল্যান সমর্থন করে

- অন্তারিও মুনিসিপল বোর্ড কে অ্যাপীলের প্রস্তুতির অধিকার দেয়

প্রভিন্সিয়াল পলিসি স্টেটমেন্ট (PPS)

- পরিকল্পনার বিষয়ের যেমন পারিপার্শ্বিক আবহাওয়া, আর্থিক ব্যবস্থা, বাড়ীর বিষয়ের নীতিগুলি পরিচালনা করার সময় প্রভিন্সের স্বার্থের দিকেও লক্ষ্য রাখে
- প্ল্যানিং এর বিচার PPS অনুযায়ী হওয়া চাই

জোনিং বাইলর

- সাইটের উপর বিশেষ ভাবে লক্ষ্য রেখেই সরকারী পরিকল্পনা কার্য নিয়ন্ত্রিত করে
- জমির ব্যবহার এবং বিল্ডিং বানানোর কাজকে নিয়ন্ত্রিত করে
- জমির উপর কি তৈরী করা যেতে পারে তাই নিশ্চিত করে যেমন
 - সাইটের ব্যবহার অনুমতি পত্র অনুযায়ী হচ্ছে কিনা
 - উন্নতি করলে কত ঘন হবে
 - বিল্ডিং এর উচ্চতা এবং রাস্তা থেকে কত দূরে হবে
 - পার্কিং এবং খেলা জায়গার প্রয়োজনীয়তা

বিরোধী শ্রীমাংসক কমিটি

- সিটি কাউন্সিল দ্বারা নিম্নুক্ত ডিস্ট্রিক্ট প্যানেলকে প্ল্যানিং এর ছোটখাট বিষয় শোনাবার জন্য এবং তাকে নিয়ন্ত্রিত করার জন্য অধিকার দেয় যেমন
 - জোনিং বাইলর ছোট খাট পরিবর্তন
 - অধিকৃত জমির উপযোগীতার বিষয় কানুনী আবেদন
 - জমি বিভাগের আবেদনের বিষয় মত পূদান
- সবকিছু নিয়ন্ত্রনের অ্যাপীল অন্তারিওর মুনিসিপল বোর্ডের দ্বারাই হয়

www.toronto.ca/planning/comm_adj.htm

অন্তারিওর মুনিসিপল বোর্ড (OMB)

- ভূ সম্পত্তি অথবা প্ল্যানিং এর বিষয় অ্যাপীল বোর্ড, প্রদেশ দ্বারা অনুমোদিত হয়
- পরিকল্পনা উন্নয়নের আবেদন পত্রে কাউন্সিল কি মতামত দিচ্ছে তার উপর অ্যাপীল গুলি শোনে
- বিরোধী শ্রীমাংসক কমিটির মতামতের উপরও অ্যাপীল গুলি শোনে
- আবেদন কর্তা সিটির অক্ষমতার উপর অ্যাপীল করতে পারে যদি কানুন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কাজ হয়ে না ওঠে

www.toronto.ca/torontoplan

কি করে অংশ গ্রহণ করা যায়

আপনি পরিকল্পনার প্রণালীর মধ্যে অংশ গ্রহণ করতে পারেন, কমিউনিটির সঙ্গে পরিচিত হয়ে কমিউনিটিতে কি হচ্ছে তা জেনে নিয়ে এবং সার্বজনীন সভায় অংশ গ্রহণ করে। আপনার অংশ গ্রহণে সিটি ভাল পরামর্শ দিতে পারবে যার পরিণাম দেখতে পারেন ভবিষ্যতে আপনার প্রতিবেশের উপর।

যদি আপনি পরিকল্পনা বিষয় অথবা নীতি পরিবর্তনে সম্পূর্ণ ভাবে বা স্বল্প ভাবে অংশ গ্রহণ করতে চান তবে আপনার উচিত :

- সব কিছু সম্ভাবিত বিষয়ের উপর যতটা সম্ভব খোঁজ খবর করা এবং চিন্তা করা এইসব আপনাকে কি ভাবে প্রভাবিত করবে
- সার্বজনীন সভায় এবং তথ্য সংগ্রহের সভায় যোগ দেওয়া যাতে আপনার আওয়াজ শোনা যায়
- আপনার বিচারের বিষয় কাউন্সিলের সদস্যদেরকে লিখে জানান
- সিটি পরিকল্পনার সঙ্গে সম্পর্ক রাখুন এবং
- নগরপালিকার নির্বাচনের সভায় যোগ দান করুন